




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ১২.১০.২০২৬ খ্রি.

২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে মুরারিচাঁদ কলেজ, সিলেট কেন্দ্র থেকে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নে উল্লিখিত সময়সূচী অনুযায়ী অনলাইনে আবেদন করে আবেদনকৃত ফরম কলেজ কমিটির নিকট জমাদানের নির্দেশ দেয়া যাচ্ছে।

ডিগ্রি (পাস) কোর্সের পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট: (<http://ems.nu.ac.bd>)

অনলাইনে ফরম ডাউনলোড করে প্রিন্ট কপি কমিটির নিকট

শাখা	বার ও তারিখ	সময়সীমা	জমাদানের স্থান
বিএ (সকল)	১৪/১০/২০২৬ খ্রি. মঙ্গলবার	বেলা ১১.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত	তথ্য ও অনুসন্ধান কেন্দ্র মুরারিচাঁদ কলেজ, সিলেট
বিএসএস (সকল)	১৫/১০/২০২৬ খ্রি. বৃহস্পতিবার		
বিএসসি (সকল)	১৭/১০/২০২৬ খ্রি. শনিবার		
বিএ/বিএসএস/ বিএসসি	১৮/১০/২০২৬ খ্রি. রবিবার		

পরীচায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রি (পাস) কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর):

i) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রি (পাস) কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর):

(i) ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২২ ও ২০২৩ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F- গ্রেড পেয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F- গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(iii) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে শর্তসাপেক্ষে উত্তীর্ণ (C- Promoted) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

(iv) উপরোক্ত শিক্ষার্থীদের ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

গ) ডিগ্রি (পাস) ২য় বর্ষ মানোন্নয়ন পরীক্ষা:

i) ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী; ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C, C⁺ ও D গ্রেড পেয়েছে তারা C, C⁺ ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F- গ্রেড প্রাপ্ত কোর্সে C, C⁺ ও D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নেই।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর):

i) ২০২৫ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ঙ) পূর্বে ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৮-২০১০ শিক্ষাবর্ষ এবং ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় অন্তর্ভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ১ম ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে শুধুমাত্র তারাই বিশেষ বিবেচনায় ২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে বা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে):

২০২৪ সালের ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ফলাফল:

১। পরীক্ষার ফলাফল খ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

২। লিখিত ও ইনকোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে।

আবেদন ফরমপূরণের নিয়মাবলী

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ems.nu.ac.bd/student-login>) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। উক্ত প্রিন্টকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ) উল্লেখ থাকবে। বিষয় কোড ভুল পূরণের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২. উক্ত প্রিন্ট কপি নিয়ে নিয়মিত/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীরা অনলাইনে ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত

টাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কলেজ প্রদত্ত ফি “ই-শিক্ষা” এর মাধ্যমে জমা দিতে হবে।

৩. সেশন ফি (সোনালী-ই সেবার রশিদ) ও ফরম পূরণ ফি (ই-শিক্ষার রশিদ) জমার উভয় রশিদ এর কলেজ কপি প্রিন্টকৃত ফরমের সাথে সংযুক্ত করে তথ্যকেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট নির্ধারিত তারিখে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের সেশন ফি সোনালী-ই সেবার মাধ্যমে এবং নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সের সকল পরীক্ষার্থীকে ফরম পূরণ ফি অবশ্যই “ই-শিক্ষা” এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার্থীকে নিজে টাকা জমা দিয়ে নিজে উপস্থিত হয়ে ফরম জমাদানের পরামর্শ দেয়া গেল। অন্যথায় ফরম পূরণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪. প্রত্যেক শিক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রিন্টকৃত ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা সংযুক্ত করে জমা দিতে হবে।

৫. অনলাইন আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি জমা দিতে হবে।

বিভিন্ন ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা

ক) ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যে সকল নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থী তাদের ২য় বর্ষের কলেজ সেশন ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি জমা দেয়নি তাদের প্রথমে নিম্নোক্ত ছক অনুযায়ী সেশন ফি এবং অভ্যন্তরীণ পরীক্ষার ফি সোনালী-ই সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলো:

২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় সেশন ফি (টাকায়):

গ্রুপ	মোট প্রদেয় ফি:	
	মুসলিম পরীক্ষার্থী	অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী
ডিগ্রি (পাস) ২য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী (বিএ/বিএসএস)	৩৩৫০/-	৩৩৫৫/-
ডিগ্রি (পাস) ২য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী (বিএসসি)	৩৪৫০/-	৩৪৫৫/-

ডিগ্রী পাস ২য় বর্ষের সেশন ফি প্রদানের পদ্ধতি

নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীরা Degree এর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে সেশন ফি দেওয়ার ওয়েবসাইট <http://mccollege.eshiksaems.com> -এ গিয়ে **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে লগইন করে Tution Fee তে রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক ভর্তি ফি সিলেক্ট করে Add Payment list ক্লিক করলে ফি এসাইন হবে। পরবর্তীতে Online Payment through Sonali Pay-তে বিকাশ/রকেট-১৮৯২/সোনালী সেবা/ **Cellfin** -এর মাধ্যমে সেশন ফি জমা দিয়ে Pay Slip প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে যা ফরম পূরণের সময় বিভাগে জমা দিতে হবে।

২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত/ অনিয়মিত/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) ফরমপূরণ ফি

২য় বর্ষ	জাতীয় বিশ্ববিদ্যালয়ের	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	ইনকোর্স ফি	ব্যাবহারিক ফি	মোট প্রদেয় ফি
বিএ/ বিএসএস [নিয়মিত/ অনিয়মিত] (অনিয়মিত যারা পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেননি)	ফরমে উল্লিখিত টাকা (১২০০/-)	৪৫০/-	৫০/-	--	--	১৭০০/-
বিএ/ বিএসএস- [অনিয়মিত] (যারা পূর্বে পরীক্ষা দিয়েছে)	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	--	---	--
বিএ/ বিএসএস [নিয়মিত/অনিয়মিত] (অনিয়মিত যারা পূর্বে পরীক্ষা দেয়নি এবং যাদের মনোবিজ্ঞান/ গণিত আছে)	ফরমে উল্লিখিত টাকা (১২০০/-)	৪৫০/-	৫০/-	--	১৭৫/-	১৮৭৫/-
বিএসসি- [নিয়মিত/অনিয়মিত] (অনিয়মিত যারা পূর্বে পরীক্ষা দেয়নি)	ফরমে উল্লিখিত টাকা (১২০০/-)	৪৫০/-	৫০/-	--	৫২৫/-	২২৫৫/-
বিএসসি- [অনিয়মিত] (যারা পূর্বে পরীক্ষা দিয়েছে)	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	--	৫২৫/-	--
বিএ/ বিএসএস- [প্রাইভেট] (নিয়মিত/ অনিয়মিত)	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	৩০০/-	--	--
বিএ/ বিএসএস- [প্রাইভেট] (অনিয়মিত যারা পূর্বে পরীক্ষা দিয়েছে)	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	--	--	--

সার্টিফিকেট কোর্স	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	৩০০/-	--	--
এক বা একাধিক পত্রের অকৃতকার্য/গ্রেড উন্নয়ন)	ফরমে উল্লিখিত টাকা	৪৫০/-	৫০/-	--	--	--

Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি ১৫০০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি

১। ক) নিয়মিত/অনিয়মিত (সকল পত্র) শিক্ষার্থীরা সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা Degree রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরমপূরণের ওয়েবসাইট

<http://mccollege.eshiksaems.com> - এ গিয়ে **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** করে **Pay slip** প্রিন্ট করতে হবে।

খ) অনিয়মিত, মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (এক বা একাধিক কোর্স) পরীক্ষার্থীরা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরম পূরণের ওয়েবসাইট <http://mccollege.eshiksaems.com>- এ গিয়ে **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** করে **Improvement Form Fillup** এ ক্লিক করতে হবে। এরপর Degree রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View charge and course detail ক্লিক করে বিষয় সিলেক্ট করে **Submit** করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে। এরপর শিক্ষার্থীরা বিকাশ/রকেট (বিলার আইডি-১৮৯২)/ সোনালী সেবা-এ নির্ধারিত টাকা পরিশোধ করবে। এরপর **Receipts Print** অপশনে গিয়ে **Pay slip** প্রিন্ট করতে হবে।

বি. দ্র. ১. সোনালী-ই সেবার মাধ্যমে সেশন ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

২. ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্সে (নিয়মিত/অনিয়মিত) শিক্ষার্থী যারা পূর্বে সেশন ফি জমা দেয়নি তাদেরকে প্রথমে সেশন ফি জমা দিতে হবে। অন্যথায় ফরমপূরণ ফি জমা দিতে পারবে না।

প্রতিস্বাক্ষর

3125
24/10/26
অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

12.10.2026

আহবায়ক

ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা কমিটি-২০২৫
মুরারিচাঁদ কলেজ, সিলেট

